

প্রথম আন্দোলন বৃহস্পতিবার

৭ মার্চ ২০২৪, ২৩ ফাল্গুন ১৪৩০, ২৫ শাবান ১৪৪৫

এনএসইউর উপাচার্য পদে আতিকুলকে পুনরায় নিয়োগ



নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) উপাচার্য পদে পুনরায় নিয়োগ পেয়েছেন অধ্যাপক আতিকুল ইসলাম। বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এ নিয়োগ দিয়েছেন। গত রোববার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এক প্রজ্ঞাপনে এ



আতিকুল ইসলাম

নিয়োগের কথা জানানো হয়। আতিকুল ইসলাম এই মেয়াদে ২০২৮ সালের ২২ ফেব্রুয়ারি পর্যন্ত উপাচার্যের দায়িত্ব পালন করবেন।

উপাচার্য হিসেবে পুনরায় নিয়োগ পাওয়ায় আতিকুল ইসলামকে শুভেচ্ছা জানিয়েছেন এনএসইউ বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান জাভেদ মুনির আহমেদ।

আতিকুল ইসলাম অস্ট্রেলিয়ার পার্থের এডিথ কোয়ান ইউনিভার্সিটির ব্যবসা ও আইন অনুষদের নির্বাহী ডিন এবং সহ-উপাচার্য (এনগেজমেন্ট) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ইউনিভার্সিটি অব সিডনি, এনএসডব্লিউ, কার্টন ইউনিভার্সিটি, ক্যানটারবেরি ইউনিভার্সিটি এবং ন্যাশনাল ইউনিভার্সিটি সিঙ্গাপুরে দায়িত্ব পালন করেছেন।

আতিকুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রথম শ্রেণিতে স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। সিডনি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। **বিজ্ঞপ্তি**